

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৮.৬৪

তারিখঃ ২০/০১/২২ খ্রিষ্টাব্দ

বিষয় : বিআরডিবি কর্তৃক চলমান দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র জুলাই ২০১৮ হতে অদ্যাবধি পর্যন্ত প্রশাসনিক ব্যয় খাতে অর্জিত দায়মুক্ত তহবিল হতে মুদ্রণ খাতে প্রয়োজনীয় অর্থ ব্যয় নির্বাহের অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক চলমান “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” প্রকল্পসহ চলমান কর্মসূচি'র আওতায় সদস্য অন্তর্ভুক্তিকরণসহ বিদ্যমান সদস্যদের তথ্য সংরক্ষণের লক্ষ্যে সকল উপজেলায় একই ধরনের মহিলা সমিতির সদস্য আবেদন ফরম, ক্ষুদ্র ঋণ আবেদন ফরম ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আবেদন ফরমের নমুনা প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত করা হয়েছে। এছাড়া মহিলা সমিতির সদস্যদের জন্য একই ধরনের পাশ বহির নমুনা চূড়ান্ত করা হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নমুনা অনুযায়ী সদস্য আবেদন ফরম, ক্ষুদ্র ঋণ আবেদন ফরম, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের আবেদন ফরম, মহিলা সমিতির সদস্যদের পাশ বহি মুদ্রণ করে ব্যবহার করতে হবে এবং প্রত্যেকটি ফরম ও পাশ বহির শেষ পাতায় উল্লেখিত মূল্য সদস্যদের নিকট থেকে আদায়পূর্বক কর্মসূচি'র সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই ছাপানো ফরম ও পাশ বহি নষ্ট করা যাবে না।

এমতাবস্থায়, বিআরডিবি কর্তৃক চলমান দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র জুলাই ২০১৮ হতে অদ্যাবধি পর্যন্ত প্রশাসনিক ব্যয় খাতে অর্জিত দায়মুক্ত তহবিল হতে বর্ণিত ফরমসমূহ ও পাশ বহি মুদ্রণের জন্য মুদ্রণ খাতে প্রয়োজনীয় অর্থ ব্যয়ের অনুমোদন প্রদান করা হলো। উল্লেখ্য সকল ফরম ও পাশ বহির নির্ধারিত মূল্য মহিলা সদস্যদের নিকট হতে আদায়পূর্বক কর্মসূচি'র সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান নিশ্চিত করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলা:, জেলা:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৫. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।